# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
## উপপরিচালক (বীজ বিপণন) এর দপ্তর
রংপুর অঞ্চল, রংপুর

E-mail: ddsmbadcrangpur@gmail.com; Phone/Fax : 025-88809139


নজরুল বর্ষ

## ঃ বীজ ডিলার নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ

মহাব্যবস্থাপক (বীজ) বিএডিসি ঢাকা মহোদয়ের স্মারক নং- ১২.০৬.০০০০.২৭৫.৯৯.০৩৮.২১.৪৬৪০ তারিখ:- ০২ জুন, ২০২৪ খ্রিঃ সংশোধিত বীজ ডিলার নিয়োগ পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী এবং কর্তৃপক্ষের নির্দেশক্রমে রংপুর অঞ্চলের আগ্রহী বীজ ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২৭ ইং বর্ষে রংপুর অঞ্চলের (রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী ও লালমনিরহাট) বীজ ডিলার নিয়োগের জন্য নিম্নবর্ণিত উপজেলায় অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। বিএডিসি'র সকল ফসলের বীজ বিক্রয়ের জন্য ডিলারশীপ নিতে আগ্রহী এমন বীজ ব্যবসায়ীগণ আগামী ১৬ আগস্ট ২০২৬খ্রিঃ তারিখে মধ্যে নিম্নস্বাক্ষরকারী দপ্তরের হিসাব শাখায় ৫০০/-(পাঁচশত) টাকা প্রসেসিং ফি জমা দিয়ে ক্যাশ মেমো সংগ্রহপূর্বক অনলাইনে বীজ ডিলার আবেদন ফরম পুরণ করার জন্য অনুরোধ করা হলো। অত্র দপ্তর স্মারক নং-১৭; তারিখ ১৫/০৭/২০২৪ খ্রিঃ এবং স্মারক নং-৫৩; তারিখঃ-২১/০৭/২০২৫ খ্রিঃ এর নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যেসকল আবেদনকারীগণ বীজ ডিলার নিয়োগের জন্য ইতঃপূর্বে আবেদন করেছেন, পুনরায় তাদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, হালনাগাদ কাগজপত্রাদি (যেমনঃ ট্রেড লাইসেন্স, কৃষি মন্ত্রণালয়ের বীজ ডিলার নিবন্ধনের প্রত্যয়নপত্র, দোকান/বীজ সংরক্ষণাগার মালিকানার প্রমাণক) ১৬/০৮/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে তাদের স্ব স্ব আবেদন আইডিতে প্রবেশ করে সংযুক্ত করতে হবে।

*উল্লেখ্য যে, বর্তমানে যে সকল ইউনিয়নে বীজ ডিলার নেই; সে সকল ইউনিয়নের আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।*

| ক্রঃ নং | জেলার নাম | উপজেলা | ক্যাটাগরি অনুযায়ী নিয়োগযোগ্য ডিলার সংখ্যা (টি) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | রংপুর | রংপুর সদর | - | ক্যাটাগরি অনুযায়ী ডিলার সংখ্যা খালি নাই |
| ২ | | মিঠাপুকুর | - | ক্যাটাগরি অনুযায়ী ডিলার সংখ্যা খালি নাই |
| ৩ | | পীরগাছা | ০২ (দুই) | |
| ৪ | | পীরগঞ্জ | ০৭ (সাত) | |
| ৫ | | তারাগঞ্জ | ০৯ (নয়) | |
| ৬ | | বদরগঞ্জ | ০৬ (ছয়) | |
| ৭ | | কাউনিয়া | ০৬ (ছয়) | |
| ৮ | | গংগাচড়া | ০২ (দুই) | |
| | | মোট | ৩২ (বত্রিশ) | |
| ৯ | কুড়িগ্রাম | কুড়িগ্রাম সদর | ০৩ (তিন) | |
| ১০ | | উলিপুর | ০৫ (পাঁচ) | |
| ১১ | | নাগেশ্বরী | ০৫ (পাঁচ) | |
| ১২ | | ভুরুঙ্গামারী | ১৯ (উনিশ) | |
| ১৩ | | রাজারহাট | ০৫ (পাঁচ) | |
| ১৪ | | চিলমারী | ১৪ (চৌদ্দ) | |
| ১৫ | | ফুলবাড়ী | ১০ (দশ) | |
| | | মোট | ৬১ (একষট্টি) | |
| ১৬ | নীলফামারী | নীলফামারী সদর | ০১ (এক) | |
| ১৭ | | সৈয়দপুর | ০৬ (ছয়) | |
| ১৮ | | ডিমলা | ০৫ (পাঁচ) | |
| ১৯ | | ডোমার | ০৫ (পাঁচ) | |
| ২০ | | জলঢাকা | ০৫ (পাঁচ) | |
| ২১ | | কিশোরগঞ্জ | ০৫ (পাঁচ) | |
| | | মোট | ২৭ (সাতাশ) | |
| ২২ | লালমনিরহাট | লালমনিরহাট সদর | - | ক্যাটাগরি অনুযায়ী ডিলার সংখ্যা খালি নাই |
| ২৩ | | আদিতমারী | ০২ (দুই) | |
| ২৪ | | হাতিবান্ধা | ০৮ (আট) | |
| ২৫ | | কালিগঞ্জ | ০৩ (তিন) | |
| ২৬ | | পাটগ্রাম | ১০ (দশ) | |
| | | মোট | ২৩ (তেইশ) | |
| ২৭ | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ০৮ (আট) | |
| ২৮ | | গোবিন্দগঞ্জ | ০৭ (সাত) | |
| ২৯ | | পলাশবাড়ী | ০৫ (পাঁচ) | |
| ৩০ | | সুন্দরগঞ্জ | ০৬ (ছয়) | |
| ৩১ | | সাদুল্ল্যাপুর | ০৭ (সাত) | |
| ৩২ | | ফুলছড়ি | ০৭ (সাত) | |
| ৩৩ | | সাঘাটা | ০৮ (আট) | |
| | | মোট | ৪৮ (আটচল্লিশ) | |

চলমান পাতা-২

শর্তসমূহঃ

ক) বীজ ডিলারশিপের জন্য আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অবশ্যই ব্যবসায়ী, বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশনের/ স্থায়ী বাসিন্দা হতে হবে। বীজ ডিলারশীপের জন্য আবেদনকারী যে ইউনিয়নের বাসিন্দা সেই ইউনিয়নেই তার ব্যবসা প্রতিষ্ঠান থাকতে হবে। ভিন্ন ইউনিয়নে ব্যবসা প্রতিষ্ঠান গ্রহণযোগ্য নহে।

খ) আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অবশ্যই বীজসহ কৃষি উপকরণ ব্যবসা, ট্রেড লাইসেন্স এবং এ সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

গ) অংশীদারিত্ব ভিত্তিক কোন প্রতিষ্ঠান/সংগঠন যদি বীজ ডিরারশিপের জন্য আবেদন করেন তবে উক্ত সংগঠন/প্রতিষ্ঠান পরিচালনা কমিটির পক্ষ থেকে যার নামে ডিলারশিপ দেওয়া হবে তাকে ব্যবসা পরিচালনার সর্বময় ক্ষমতা (Power of Attorney) দিতে হবে।

ঘ) সংস্থার নিয়ন্ত্রণাধীন প্রকল্প/কর্মসূচি ব্যতীত অন্য কোন সরকারি/আধা-সরকারি/সরকারি প্রকল্প/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা প্রতিষ্ঠানের সুবিধাভোগী ব্যক্তি/গোষ্ঠী বীজ ডিলারশিপের জন্য আবেদন করতে পারবেন না।

ঙ) বীজ উৎপাদনকারী/আমদানিকারক/ নিজস্ব ট্রেডমার্কে বীজ বিপণনকারী কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বীজ ডিলারশিপের জন্য আবেদন করতে পারবেন না।

আবেদনের নিয়মাবলী ঃ-

- বীজ ডিলার হতে ইচ্ছুক ব্যক্তি ৫০০/- টাকার প্রসেসিং ফি এর বিনিময়ে ক্যাশমেমো সংগ্রহপূর্বক অনলাইনে বীজ ডিলার নিয়োগ আবেদন লিংকে প্রবেশ করে কৃষি মন্ত্রণালয়ের https://moa-services.com সাইটে এ নিজস্ব প্যানেল তৈরী করে উপপরিচালক (বীজ বিপণন) বিএডিসি, রংপুর অঞ্চল, রংপুর বরাবর আবেদন করতে হবে।

অনলাইনে আবেদন করতে নিম্নবর্ণিত কাগজপত্রাদি অবশ্যই সংযুক্ত করতে হবে।

১। আবেদন পত্রের ফরম ক্রয়ের রশিদ/ক্যাশমেমো।
২। পাসপোর্ট সাইজের ছবি ।
৩। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
৪। আর্থিক স্বচ্ছলতার ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ।
৫। বীজ সংরক্ষণাগার/দোকান/বিক্রয় কেন্দ্রের মালিকানার প্রমাণপত্র/ভাড়ার চুক্তিনামা।
৬। নাগরিকত্ব সনদপত্র (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত।
৭। যৌথ ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে যৌথ ব্যবসার চুক্তিপত্র এবং Power of Attorney সার্টিফিকেট।
৮। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৯। কৃষি মন্ত্রণালয়ের হালনাগাদ বীজ ডিলার লাইসেন্সের সত্যায়িত ফটোকপি ।

- বীজ ডিলার নিয়োগের আবেদন ফরমে বা অনলাইনে আবেদনের সময় সংযুক্তি কাগজপত্রে ডিলার কর্তৃক প্রদত্ত কোন তথ্য/ কাগজপত্রে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে এতে ডিলার নিজেই দায়ী থাকবে এবং ভুল তথ্য পরিবেশনের কারণে সঙ্গে সঙ্গে তার আবেদনটি বাতিল বা প্রত্যাখ্যান করা হবে।
- আবেদনকারী বীজ ডিলারকে অনলাইনে কমিটির অনুমোদন প্রাপ্তির পর লাইসেন্স ফি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা (অফেরতযোগ্য) এবং ১৫% ভ্যাট ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা এ চালানসহ মোট ১১,৫০০/-(এগারো হাজার পাঁচশত) টাকা অনলাইনে বা অফলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে।
- কমিটির অনুমোদিত বীজ ডিলারগণকে বীজ ডিলারের অবশ্য পালনীয় শর্তাদি নিজ খরচে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে বিএডিসি'র কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র করতে হবে।
- আবেদনপত্র জমার পর সরেজমিনে তদন্ত সাপেক্ষে যে কোন আবেদনকারীর আবেদনপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৩০.০৭.২০২৬

(মোঃ মাসুদ সুলতান)
উপপরিচালক (বীজ বিপণন),
বিএডিসি, রংপুর অঞ্চল, রংপুর।

স্মারক নং-৬৩/১(১০৫)

তারিখঃ-৩০/০৭/২০২৬খ্রিঃ

৩০/০৭/২৬

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/ নীলফামারী/ লালমনিরহাট ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রংপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/নীলফামারী/লালমনিরহাট ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা.....................................................................(৩৩)
৪। উপজেলা কৃষি কর্মকর্তা.........................................................................(৩৩)
৫। সিনিয়র সহকারী পরিচালক (বীবি) বিএডিসি, নীলফামারী/কুড়িগ্রাম/গাইবান্ধা/লালমনিরহাট।
৬। উপপরিচালক (সবজিবীজ/আলুবীজ/কঃগ্রোঃ/বীউ/এএসসি/মাননিয়ন্ত্রণ) বিএডিসি, রংপুর।
৭। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৮। যুগ্মপরিচালক (বীপ্র/সার), বিএডিসি, রংপুর।
৯। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা।
১০। মহাব্যবস্থাপক (বীজ) বিএডিসি, ঢাকা।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব রংপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/নীলফামারী/লালমনিরহাট।
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি বীজ ও সার ডিলার এসোসিয়েশন, রংপুর অঞ্চল, রংপুর।
১৩। অফিস কপি/নোটিশ বোর্ড।

৩০.০৭.২০২৬

উপপরিচালক (বীজ বিপণন),
বিএডিসি, রংপুর অঞ্চল রংপুর।

৩০/০৭/২৬

2026- নিয়োগ বিজ্ঞপ্তি